

২০২৩-২৪ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব মোঃ ওয়ালী উল্লাহ মোল্লাহ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চারঘাট, রাজশাহী।

তারিখ: ১৫/১১/২০২৩খ্রি.

সময়: সকাল: ১০.০০ ঘটিকা

স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চারঘাট, রাজশাহী।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর ২০২৩) সভা জনাব মোঃ ওয়ালী উল্লাহ মোল্লাহ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চারঘাট, রাজশাহী এর সভাপতিত্বে ১৫.১১.২০২৩খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের মোহাঃ ফিরোজ মন্ডল, ক্ষেত্র সহকারী ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর ২০২৩) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, ২. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম, ১০. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার মোট ৩টি ক্ষেত্রে নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক. ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর ২০২৩) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

খ. দপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করতে হবে।

ঘ. প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

ঙ. ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করতে হবে।

চ. সিটিজেন চার্টার অনুসারে সেবা প্রদান করতে হবে।

ছ. অর্জিত রাজস্ব আয় নিয়মিত সংশ্লিষ্ট ব্যাংকে জমা করতে হবে।

জ. ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর ২০২৩) সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে নির্ধারিত সময়ে প্রেরণ করতে হবে। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: ওয়ালী উল্লাহ মোল্লাহ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
চারঘাট, রাজশাহী।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
চারঘাট, রাজশাহী ।
www.fisheries.charghat.rajshahi.gov.bd

পত্র নং- ৩৩.০২.৮১২৫.৫০১.৪১.০০৫.২২.১৫৮

৩০ কার্তিক, ১৪৩০
তারিখঃ
১৫ নভেম্বর, ২০২০

সদয় অবগতি/ অবগতি ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী
- ২। সংশ্লিষ্ট নথি



(মো: ওয়ালী উল্লাহ মোল্লাহ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
চারঘাট, রাজশাহী ।
ফোন: ০২৫৮৮৮৭৯০৭০

ইমেইল: sufocharghat@fisheries.gov.bd

পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম	পদবী	স্বাক্ষর
০১	মোহাঃ ফিরোজ মডল	ক্ষেত্র সহকারী (রাজস্ব)	
০২	লাবনী দাস	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	
০৩	শান্ত কুমার	ক্ষেত্র সহকারী (ইলিশ সম্পদ প্রকল্প)	

